

৩৩

রেজাল্ট ভালো  
সরকারী স্কুল  
অথচ-

কাউখালি (পিরোজপুর) সংবাদদাতা ॥ ১৯২৬  
সালে প্রতিষ্ঠিত কাউখালী সরকারী বালক উচ্চ  
বিদ্যালয়টি নানা সমস্যায় থাকায় এ শিক্ষা  
প্রতিষ্ঠানে শিক্ষার পরিবেশ গুরুতর বিঘ্নিত  
হইতেছে। স্কুল ভবনটি এখন বিপজ্জনক হইয়া  
উঠিয়াছে। বর্ষার পানি ছাদ চুয়াইয়া প্রতিটি  
শ্রেণীকক্ষ ভাসাইয়া দেয়। যে কোন মুহূর্তে  
ভবনটি ধসিয়া পড়িতে পারে। বিদ্যালয়টি  
অবশেষে সরকারীকরণ হইলেও নিদারুণ  
আর্থিক সংকট, অভাব আর কাটিতেছে না।  
বিদ্যালয়টির নানা সমস্যা সত্ত্বেও ছাত্রদের  
পরীক্ষার সাফল্য থাকায় সকল বিদ্যালয়ের  
শীর্ষে।